বিশ্বমানের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি শাখা-১

ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূরুল আলম<br>যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ | ২৫-০৮-২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল: ১১.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার যে পরিকল্পনা গ্রহণ করেছে তা বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন সম্ভব। এ পর্যায়ে সভাপতি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আওতায় সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করার অনুরোধ করেন।

০২। এ পর্যায়ে এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদ বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সূচক ১.৪.১ অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আয়োজনের বিষয়ে উল্লেখ রয়েছে। তিনি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার বর্তমান অবস্থা নিম্নোক্ত তালিকা অনুযায়ী উপস্থাপন করেন:

| ক্রম: | বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা | সেবা প্রদানকারী সংস্থার নাম | উপকারভোগীর সংখ্যা | বর্তমান অবস্থা ও ফলাফল | তৈরীকৃত ই-সেবা প্রদানে চ্যালেঞ্জ এবং উত্তরণের সুপারিশ |
|---|---|---|---|---|---|
| ১. | Overseas Visit Tracker | এসআইডি | প্রায় ২৬০০ | এই অ্যাপ্লিকশন হতে বিদেশ প্রশিক্ষণের বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যায়। | কোন চ্যালেঞ্জ নেই। |
| ২. | বাংলাদেশ পরিসংখ্যান | এসআইডি, বিবিএস | উন্মুক্ত | পরিসংখ্যান বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায়। | **চ্যালেঞ্জঃ** ওয়েব পোর্টালে ডাটা নিয়মিত হালনাগাদকরণ।<br>**সুপারিশঃ** জনবল সংযুক্তির মাধ্যমে ওয়েব পোর্টালে ডাটা নিয়মিত হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩. | হাউজহোল্ড লিস্টিং সিস্টেম | এসআইডি, বিবিএস | উন্মুক্ত | অ্যাপ্লিকেশনটি কার্যকর রয়েছে। চাহিদা অনুযায়ী জরিপ/শুমারিতে ব্যবহার করা হয়ে থাকে। | **চ্যালেঞ্জঃ** ১। ডিজিটাল ডিভাইস ক্রয় ২। দক্ষ জনবলের স্বল্পতা। **সুপারিশঃ** ১। ডিভাইস ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ ২। দক্ষ জনবল তৈরির জন্য জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। |
| ৪. | ডিজিটাল কনটেন্ট ম্যানেজমেন্ট | এসআইডি, বিবিএস | উন্মুক্ত | বিভিন্ন অনুষ্ঠানের ছবি, অডিও, ভিডিও পাওয়া যায়। | **চ্যালেঞ্জঃ** ডিজিটাল কনটেন্টসমূহ ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণ। **সুপারিশঃ** জনবল সংযুক্তির মাধ্যমে ডিজিটাল কনটেন্টসমূহ ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ। |
| ৫. | ই-নোটিফিকেশন সিস্টেম | এসআইডি | উন্মুক্ত | প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সভা, গুরুত্বপূর্ণ অনুষ্ঠান ইত্যাদি বিষয়ে তাৎক্ষণিক অবহিতকরণের জন্য নোটিফিকেশন পাঠানো যায়। | কোন চ্যালেঞ্জ নেই। |
| ৬. | Rapid Survey Through Call on Screen Mode | এসআইডি, বিবিএস | উন্মুক্ত | কোন চ্যালেঞ্জ নেই। চাহিদা অনুযায়ী জরিপ/শুমারিতে ব্যবহার করা হয়ে থাকে। | **চ্যালেঞ্জঃ** ১। ডিজিটাল ডিভাইস ক্রয় ২। দক্ষ জনবল **সুপারিশঃ** ১। ডিভাইস ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ ২। জনবলের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। |
| ৭. | এসআইডি মিটিং ম্যানেজার | এসআইডি | প্রায় ১০০ | বর্তমানে সীমিত পরিসরে ব্যবহৃত হচ্ছে। | **চ্যালেঞ্জঃ** ১। নিয়মিত হালনাগাদকরণ ২। ব্যবহারকারীর ডিভাইসে ইন্টারনেট সংযোগ **সুপারিশঃ** ১। নিয়মিত হালনাগাদকরণের জন্য সদস্য সচিব/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণদের নির্দেশনা প্রদান। ২।ব্যবহারকারীর মোবাইলে ইন্টারনেট সংযোগের ব্যবস্থা গ্রহণ। |
| ৮. | **সেবা সহজিকরণঃ জনশুমারিতে অন্তর্ভুক্তির প্রত্যয়নপত্র** | বিবিএস | উন্মুক্ত | আবেদন পাওয়া সাপেক্ষে চলমান। | - |

০৩। এ পর্যায়ে সভাপতি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর

উপপরিচালক ও সদস্য সচিব, ইনোভেশন টিম, বিবিএস জনাব মোহাম্মদ শফিকুল ইসলামকে ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সূচক ১.৪.১ অনুযায়ী বিবিএসে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত বিষয়গুলো উপস্থাপনের জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম বিবিএসে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ নিম্নোক্ত তালিকা অনুযায়ী সভায় উপস্থাপন করেন।

| ক্র: | বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা | সেবা প্রদানকারী সংস্থার নাম | উপকারভোগীর সংখ্যা | বর্তমান অবস্থা ও ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | e-Library in Barishal DSO | বিবিএস | সকল ডাটা ব্যবহারকারী, গবেষক ইত্যাদি। | সেবাটি বিদ্যমান রয়েছে তবে সময় সময় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম, বিবিএস কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তাকে হালনাগাদকরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। |
| ২. | Population Clock | বিবিএস | সকল ডাটা ব্যবহারকারী, গবেষক ইত্যাদি। | সেবাটি বাজেটহীনতার কারণে স্থগিত রয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর নির্দেশনা/পরামর্শ অনুযায়ী বাজেট বরাদ্দসহ দ্রুত সংশ্লিষ্ট উদ্ভাবককে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানানো হবে। |
| ৩. | Online IT solution | বিবিএস | বিবিএস এর সকল কর্মকর্তা/কর্মচারী | সংশ্লিষ্ট উদ্ভাবক জানান ক্রমিক নং ৬ এ উল্লেখিত ধারণার সাথে মিল থাকায় স্থগিত রয়েছে। | |
| ৪. | গুগল ম্যাপে কৃষি দাগগুচ্ছের অবস্থান নির্দিষ্টকরণ | বিবিএস | বিবিএস এর সকল কর্মকর্তা/কর্মচারী | চলমান রয়েছে। | |
| ৫. | অনলাইনে কৃষি রিপোর্টসমূহ প্রেরণ, সমন্বয়করণ ও একীভুতকরণ | বিবিএস | বিবিএস এর সকল কর্মকর্তা/কর্মচারী | চলমান রয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর নির্দেশনা অনুযায়ী বাজেট বরাদ্দসহ কর্মসূচি গ্রহণের মাধ্যমে সারা বাংলাদেশে বাস্তবায়ন করা যেতে পারে। |
| ৬. | আইটি ই-রিকুয়েস্ট পোর্টাল | বিবিএস | বিবিএস এর সকল কর্মকর্তা/কর্মচারী | সেবাটি চালু রয়েছে। | সংশ্লিষ্ট উদ্ভাবক চাকরি থেকে অব্যাহতি দিয়ে অন্যত্র যোগদান করায় অন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। |

এ পর্যায়ে সভাপতি বলেন, বিবিএস কর্তৃক বাস্তবায়িত ০৬ টি ডিজিটাল সেবার মধ্যে ০২ টি স্থগিত রয়েছে। স্থগিত সেবাসমূহ চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

০৪। পরবর্তী আলোচ্যসূচি অনুযায়ী এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব বলেন, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সূচকসমূহ বাস্তবায়নের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন দেওয়া প্রয়োজন। তিনি সূচক অনুযায়ী

ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের একটি খসড়া তালিকা সভায় উপস্থাপন করেন। এতদপ্রেক্ষিতে সভাপতি বলেন, এ বিষয়ে সচিব মহোদয়ের অনুমোদন নিতে হবে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

০৫। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ</u>

ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখতে হবে। তালিকায় উল্লেখিত সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়ন করত: সময়ে সময়ে তদারকি করতে হবে।

খ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু রাখতে হবে। এছাড়া, স্থগিত সেবা ০২ টি চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। তালিকায় মন্তব্যে উল্লেখিত সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়ন করত: সময়ে সময়ে তদারকি করতে হবে।

গ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের নিমিত্ত সূচক অনুযায়ী সুপারিশকৃত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তালিকা, সচিব মহোদয়ের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৬। অবশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নূরুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার,
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.৭২

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৮
২৯ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব , তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪) অতিরিক্ত-সচিব , উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) পরিচালক ও ইনোভেশন অফিসার, এসএসটিআই, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৬) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৭) জনাব মো: দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৮) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৯) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১০) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১২) মোহাম্মদ সাদ্দাম হোসেন খাঁন, উপপরিচালক, বিবিএস
১৩) সিনিয়র সহকারী সচিব, অডিট ও সমন্বয় অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৪) উপপরিচালক, এফএ এন্ড এমআইএস, বিনিক শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৫) উপপরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বৈদেশিক বাণিজ্য, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৭) জনাব মো: মিনার উদ্দীন, পরিসংখ্যান কর্মকর্তা, বিবিএস

১৮) ব্যাক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার ও সদস্য সচিব, ইনোভেশন টিম